
জুলাই-সেপ্টেম্বর, ২০১৪-১৫ সময়কালে কৃষিভিত্তিক শিল্প ঋণের সার্বিক অবস্থার পর্যালোচনামূলক প্রতিবেদন

কৃষিভিত্তিক শিল্পে ঋণপ্রবাহ যথাযথভাবে তদারকি করার লক্ষ্যে দেশের সকল ব্যাংক থেকে কৃষিভিত্তিক শিল্পে ঋণ বিতরণ ও আদায় সম্পর্কিত তথ্য/বিবরণী সংগ্রহ করা হয়ে থাকে। সে মোতাবেক সংশ্লিষ্ট ব্যাংকসমূহ কর্তৃক ২০১৪-১৫ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর সময় শেষে দাখিলকৃত বিবরণীর ভিত্তিতে আলোচ্য প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। ২০১৪-১৫ অর্থবছর শেষে সংশ্লিষ্ট ব্যাংকসমূহের কৃষিভিত্তিক শিল্পে ব্যাংকওয়ারী ঋণ বিতরণ, বকেয়া স্থিতি ও শ্রেণিকৃত স্থিতির অবস্থা নিম্নরূপ:

১. ঋণ বিতরণ


জুলাই সেপ্টেম্বর, ২০১৪-১৫ মেয়াদে কৃষিভিত্তিক শিল্পে ঋণ বিতরণের মোট পরিমাণ ছিল ৭,৩৯৮.০৩ কোটি টাকা, এর মধ্যে চলতি মূলধন ঋণ ও মেয়াদি ঋণ বিতরণের পরিমাণ ছিল যথাক্রমে ৬,২৫৪.৯২ কোটি টাকা এবং ১,১৪৩.১১ কোটি টাকা (চিত্র ১ দ্রষ্টব্য)। ২০১৩-১৪ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর সময়ে কৃষিভিত্তিক শিল্পে মোট বিতরণকৃত ঋণের পরিমাণ ছিল ৮,০৮৫.৯৫ কোটি টাকা যার মধ্যে চলতি মূলধন ঋণের পরিমাণ ৭,২০৯.৬৮ কোটি টাকা এবং মেয়াদি ঋণের পরিমাণ ৮৭৬.২৭ কোটি টাকা। জুলাই-সেপ্টেম্বর/২০১৪-১৫ সময়ে কৃষিভিত্তিক শিল্পখাতে বিগত জুলাই-সেপ্টেম্বর/২০১৩-১৪ সময়ের তুলনায় চলতি মূলধন ঋণ ও মোট ঋণ বিতরণ যথাক্রমে ১৩.২৪% ও ৮.৫১% হ্রাস পেলেও মেয়াদি ঋণ বিতরণ ৩০.৪৫% বৃদ্ধি পেয়েছে।

চিত্র ১: বিতরণকৃত ঋণের তুলনামূলক চিত্র



	চলতি মূলধন ঋণ	মেয়াদি ঋণ	মোট
জুলাই-সেপ্টেম্বর/২০১৩-১৪	৭,২০৯.৬৮	৮৭৬.২৭	৮,০৮৫.৯৫
জুলাই-সেপ্টেম্বর/২০১৪-১৫	৬,২৫৪.৯২	১,১৪৩.১১	৭,৩৯৮.০৩

চিত্র ২: ব্যাংকের ধরণভেদে বিতরণকৃত ঋণ, জুলাই-সেপ্টেম্বর/২০১৪-১৫




আলোচ্য সময়ে কৃষিভিত্তিক শিল্পে বিতরণকৃত মোট ২৪,৭০৯.৫৪ কোটি টাকার মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ৪৭৭.২০ কোটি টাকা, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহ ৪,৫৩৬.০৪ কোটি টাকা, বিদেশী ব্যাংকসমূহ ২,২৬২.৬১ কোটি টাকা এবং বিশেষায়িত ব্যাংকসমূহ ১২২.১৮ কোটি টাকা বিতরণ করেছে। মোট ঋণ বিতরণের মধ্যে ব্যাংকের ধরণ হিসেবে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ৬.৪৫%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহ ৬১.৩২%, বিদেশী ব্যাংকসমূহ ৩০.৫৮%, এবং বিশেষায়িত ব্যাংকসমূহ ১.৬৫% বিতরণ করেছে। (চিত্র-২ দ্রষ্টব্য)

২. ঋণ আদায়


জুলাই-সেপ্টেম্বর, ২০১৪-১৫ মেয়াদে কৃষিভিত্তিক শিল্প খাতে বিতরণকৃত ঋণের বিপরীতে ৭,৩৩৮.৭৬ কোটি টাকা আদায় হয়েছে। জুলাই-সেপ্টেম্বর, ২০১৩-১৪ সময়ে কৃষিভিত্তিক শিল্প খাতে আদায়কৃত ঋণের পরিমাণ ছিল ৫,৮৩১.২৮ কোটি টাকা যার তুলনায় ২০১৪-১৫ অর্থবছরে কৃষিভিত্তিক শিল্প ঋণ আদায় ২৫.৮৫% বৃদ্ধি পেয়েছে। (চিত্র ৩ দ্রষ্টব্য)

চিত্র ৩: আদায়কৃত ঋণের তুলনামূলক চিত্র



ব্যাংকের ধরণ ভেদে জুলাই-সেপ্টেম্বর, ২০১৪-১৫ সময়ে কৃষিভিত্তিক শিল্প ঋণের মোট আদায়কৃত ৭,৩৩৮.৭৬ কোটি টাকার মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ১,৫৬৯.৫৯ কোটি টাকা, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহ ৩,৯৭৭.৮৪ কোটি টাকা, বিদেশী ব্যাংকসমূহ ১,৬৬৯.৪৪ কোটি টাকা এবং বিশেষায়িত ব্যাংকসমূহ ১২১.৮৯ কোটি টাকা আদায় করেছে। চিত্র ৪ এ ব্যাংকের ধরণ ভেদে কৃষিভিত্তিক শিল্প খাতে ঋণ আদায় পরিস্থিতি তুলে ধরা হয়েছে। চিত্র ৪ মোতাবেক ২০১৪-১৫ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিকে আদায়কৃত ৭,৩৩৮.৭৬ কোটি টাকার মধ্যে ২১.৩৯% রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, ৫৪.২০% বেসরকারি বাণিজ্যিক ব্যাংক, ২২.৭৫% বিদেশী ব্যাংক এবং অবশিষ্ট ১.৬৬% বিশেষায়িত ব্যাংকসমূহ কর্তৃক আদায়কৃত।


চিত্র ৪: ব্যাংকের ধরণ ভেদে আদায় পরিস্থিতি, জুলাই-সেপ্টেম্বর, ২০১৪-১৫



৩. বকেয়া ঋণস্থিতি

জুলাই-সেপ্টেম্বর, ২০১৪-১৫ মেয়াদ শেষে কৃষিভিত্তিক শিল্পখাতে মোট ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ২৬,৭৪০.৬৯ কোটি টাকা। তন্মধ্যে, চলতি মূলধন ঋণ খাতে বকেয়া স্থিতি ১৯,২৮২.২১ কোটি টাকা এবং মেয়াদি ঋণে বকেয়া ঋণস্থিতির পরিমাণ ৭,৪৫৮.৪৮ কোটি টাকা। জুলাই-সেপ্টেম্বর, ২০১৩-১৪ সময় শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ২৪,৪৭৫.৩৯ কোটি টাকা যার মধ্যে চলতি মূলধন ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ১৬,৮৬৭.০৭ কোটি টাকা এবং মেয়াদি ঋণে বকেয়া স্থিতির পরিমাণ ৭,৬০৮.৩২ কোটি টাকা। আলোচ্য ২০১৪-১৫ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর সময়ে কৃষিভিত্তিক শিল্পে বিগত ২০১৩-১৪ অর্থবছরের তুলনায় চলতি মূলধন ঋণ মোট ঋণের বকেয়া স্থিতির পরিমাণ যথাক্রমে ১৪.৩২% এবং ৯.২৬% বৃদ্ধি পেলেও মেয়াদি ঋণে বকেয়া স্থিতির পরিমাণ ১.৯৭% হ্রাস পেয়েছে। (চিত্র ৫ দ্রষ্টব্য)


চিত্র ৫: কৃষিভিত্তিক শিল্প ঋণের বকেয়া স্থিতির তুলনামূলক চিত্র



	চলতি মূলধন ঋণ	মেয়াদি ঋণ	মোট
জুলাই-সেপ্টেম্বর/২০১৩-১৪	১৬,৮৬৭.০৭	৭,৬০৮.৩২	২৪,৪৭৫.৩৯
জুলাই-সেপ্টেম্বর/২০১৪-১৫	১৯,২৮২.২১	৭,৪৫৮.৪৮	২৬,৭৪০.৬৯

জুলাই-সেপ্টেম্বর, ২০১৪-১৫ সময়ে কৃষিভিত্তিক শিল্প ঋণের মোট বকেয়া স্থিতির ২৬,৭৪০.৬৯ কোটি টাকার মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ৬,৩৬২.০৭ কোটি টাকা, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ১৫,২২৫.১৭ কোটি টাকা, বিদেশী ব্যাংকসমূহের ২,৭৭৬.৭৭ কোটি টাকা এবং বিশেষায়িত ব্যাংকসমূহের ২,৩৭৬.৬৮ কোটি টাকা। আলোচ্য সময়ে কৃষিভিত্তিক শিল্প ঋণের বকেয়া স্থিতি মোট ২৬,৭৪০.৬৯ কোটি টাকার মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বেসরকারি বাণিজ্যিক ব্যাংক, বিদেশী ব্যাংক ও বিশেষায়িত ব্যাংকসমূহের অংশীদারিত্ব যথাক্রমে ২৩.৭৮%, ৫৬.৯১%, ১০.৪৪% এবং ৮.৮৮%। (চিত্র-৬ দ্রষ্টব্য)


চিত্র ৬: ব্যাংকের ধরণভেদে বকেয়া ঋণ স্থিতি, জুলাই-সেপ্টেম্বর/২০১৪-১৫



৪. শ্রেণিকৃত স্থিতি


জুলাই-সেপ্টেম্বর, ২০১৪-১৫ সময় শেষে কৃষিভিত্তিক শিল্প খাতে মোট শ্রেণিকৃত ঋণের স্থিতির পরিমাণ ২,১৩৬.৮০ কোটি টাকা। জুলাই-সেপ্টেম্বর, ২০১৩-১৪ সময় শেষে কৃষিভিত্তিক শিল্প খাতে মোট শ্রেণিকৃত ঋণস্থিতির পরিমাণ ছিল ২,৩৬৭.১২ কোটি টাকা যা ২০১৪-১৫ অর্থবছরের একই সময় শেষে ৯.৭৩% হ্রাস পেয়েছে। জুলাই-সেপ্টেম্বর, ২০১৪-১৫ সময় শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণের বকেয়া স্থিতির উপর শ্রেণিকৃত ঋণের হার ৭.৯৯% যা বিগত ২০১৩-১৪ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর সময় শেষে ছিল ৯.৬৭%। জুলাই-সেপ্টেম্বর, ২০১৩-১৪ সময়ের তুলনায় জুলাই-সেপ্টেম্বর, ২০১৪-১৫ সময় শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণে শ্রেণিকৃত ঋণের হার ১.৬৯ Percentage Point হ্রাস পেয়েছে। (চিত্র-৭ দ্রষ্টব্য)

চিত্র ৭: শ্রেণিকৃত স্থিতির তুলনামূলক চিত্র



জুলাই-সেপ্টেম্বর, ২০১৪-১৫ সময়ে শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণের শ্রেণিকৃত স্থিতি মোট ২,১৩৬.৮০ কোটি টাকার মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ৫৬৪.৯২ কোটি টাকা, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ৭৬১.৮৭ কোটি টাকা, বিদেশী ব্যাংকসমূহের ৩৪.৩৮ কোটি টাকা এবং বিশেষায়িত ব্যাংকসমূহের ৭৭৫.৬৩ কোটি টাকা। ২০১৪-১৫ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর সময় শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণের মোট শ্রেণিকৃত স্থিতি ২,১৩৬.৮০ কোটি টাকার মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ২৬.৪৪%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ৩৫.৬৫%, বিদেশী ব্যাংকসমূহের ১.৬১% এবং বিশেষায়িত ব্যাংকসমূহের ৩৬.৩০%। (চিত্র ৮ দ্রষ্টব্য)

চিত্র ৮: ব্যাংকের ধরণভেদে শ্রেণিকৃত ঋণ স্থিতি, জুলাই-সেপ্টেম্বর/২০১৪-১৫



ছক-১ এ ব্যাংকের ধরণ অনুযায়ী ২০১৩-২০১৪ অর্থবছর শেষে বকেয়া ঋণস্থিতির বিপরীতে শ্রেণীবিন্যাসিত ঋণের অবস্থা তুলে ধরা হয়েছে। উক্ত ছকে দেখা যায়, রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক ও বিশেষায়িত ব্যাংকসমূহের শ্রেণীবিন্যাসিত ঋণের হার যথাক্রমে ৮.০৯% এবং ১৬.০৩% যা অন্যান্য ব্যাংকসমূহের তুলনায় অত্যন্ত বেশি।

ছক ১: ঋণ স্থিতির বিপরীতে শ্রেণিকৃত ঋণের অবস্থা


(কোটি টাকায়)

ব্যাংকের ধরণ	বকেয়া স্থিতি	শ্রেণিকৃত স্থিতি	শতকরা হার
রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক	৬,৩৬২.০৭	৫৬৪.৯২	৮.৮৮%
বেসরকারী বাণিজ্যিক ব্যাংক	১৫,২২৭.১৭	৭৬১.৮৭	৫.০০%
বিদেশী ব্যাংক	২,৭৯২.৮৬	৩৪.৩৮	১.২৩%
বিশেষায়িত ব্যাংক	২,৩৭৬.৬৮	৭৭৫.৬৩	৩২.৬৪%
মোট	**২৬,৭৫৮.৭৮**	**২,১৩৬.৮০**	**৭.৯৯%**

৫. সার্বিক অবস্থা

কৃষিভিত্তিক শিল্পঋণের বর্ণিত তথ্য হতে ২০১৩-১৪ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর সময়ের সঙ্গে তুলনা করলে দেখা যায় বর্তমান অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর সময়ে ঋণ বিতরণ ৮.৫১% হ্রাস পেলেও ঋণ আদায় ও বকেয়া স্থিতির পরিমাণ যথাক্রমে ২৫.৮৫% ও ৯.২৬% বৃদ্ধি পেয়েছে। এছাড়াও, শ্রেণিকৃত স্থিতির পরিমাণ ৯.৭৩% হ্রাস পেয়েছে। ২০১৩-১৪ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর সময়ের তুলনায় ২০১৪-১৫ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর শেষে কৃষিভিত্তিক শিল্প খাতে শ্রেণিকৃত ঋণের হার ১.৬৯ Percentage Point হ্রাস পেয়েছে। (চিত্র ৯ দ্রষ্টব্য)

চিত্র ৯: জুলাই-সেপ্টেম্বর, ২০১৩-১৪ এবং জুলাই-সেপ্টেম্বর, ২০১৪-১৫ সময়ে কৃষিভিত্তিক শিল্প ঋণের তুলনামূলক চিত্র



জুলাই-সেপ্টেম্বর, ২০১৪-১৫ সময়ে সকল ব্যাংক কর্তৃক কৃষিভিত্তিক শিল্পখাতে শ্রেণিকৃত ঋণের পর্যালোচনায় দেখা যায় সকল ব্যাংকসমূহের বকেয়া স্থিতির বিপরীতে শ্রেণিকৃত ঋণের গড় হার ৭.৯৯%। ব্যাংকের ধরণের ভিত্তিতে কৃষিভিত্তিক শিল্প ঋণের শ্রেণিকরণের এ গড় হার: রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ৮.৮৮%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ৫.০০%, বিদেশী ব্যাংকসমূহের ১.২৪% এবং বিশেষায়িত ব্যাংকসমূহের ৩২.৬৪%।

চিত্র ১০ এ সর্বশেষ ৪ অর্থবছরের কৃষিভিত্তিক শিল্প ঋণের ক্রমবিকাশের ধারা বিধৃত হয়েছে। বর্ণিত চিত্র হতে দেখা যায় কৃষিভিত্তিক শিল্প ঋণের বকেয়া স্থিতির প্রবৃদ্ধি অত্যন্ত সন্তোষজনক। এছাড়াও শ্রেণিকৃত ঋণের পরিমাণ বিগত অর্থবছরগুলোর তুলনায় ইতিবাচক পর্যায়ে রয়েছে। তবে, কৃষিভিত্তিক শিল্প ঋণের সিংহভাগই চলতি মূলধন ঋণ হিসেবে বিতরণকৃত। ২০১১-১২, ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থবছর শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণের মেয়াদি ঋণ অংশ এ খাতে বকেয়া ঋণস্থিতির ২৯.৯১%, ৩২.৮১% ও ৩০.৭৩% যা কাম্য স্তরের তুলনায় অত্যন্ত কম। বর্তমান অর্থবছরের ১ম ত্রৈমাসিকের পরিসংখ্যান অনুযায়ী কৃষিভিত্তিক শিল্প খাতে মোট ঋণ স্থিতির পরিমাণ ২৬,৭৪০.৬৯ কোটি টাকা। তন্মধ্যে, মেয়াদি ঋণ স্থিতির

পরিমাণ ৭,৪৫৮.৪৮ কোটি টাকা যা বকেয়া স্থিতির মাত্র ২৭.৮৯% । ফলে, কৃষিভিত্তিক শিল্পের মূলধন গঠনের প্রবৃদ্ধি আশানুরূপ হচ্ছে না।

